**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**রাজস্ব ভবন**
**প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।**

**(কাস্টমস: নীতি শাখা)**

**সাধারণ আদেশ**

নথি নং ০৮.০১.০০০০.০০০.০৫৩.০১.০০০৪.২৬.(অংশ-২)/২১৬ তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ১১ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সম্পূর্ণ নতুন (brand new) ইলেকট্রিক গাড়ির শুল্কায়ন সংক্রান্ত আদেশ।**

নতুন ইলেকট্রিক গাড়ি আমদানির ক্ষেত্রে সরকারের আইনানুগ রাজস্ব আদায় এবং আমদানিয় নতুন ইলেকট্রিক গাড়ির যথাযথ শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের উদ্দেশ্যে কাস্টমস আইন ২০২৩ (২০২৩ সালের ৫৭ নং আইন) এর ধারা ২৭ এবং শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আওতায় সম্পূর্ণ নতুন (brand new) ইলেকট্রিক গাড়ির শুল্কায়নযোগ্য মূল্য নিরূপণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক **নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যথা:-**

(১) ইলেকট্রিক গাড়ি শুল্কায়নের ক্ষেত্রে প্রযোজ্য শুল্কহার এবং এইচ.এস.কোড নির্ধারণের লক্ষ্যে CIF মূল্যকে Bangladesh Customs Tariff (BCT) এ উল্লিখিত মূল্য হিসেবে বিবেচনা করতে হবে;

(২) কোন ব্র্যান্ডের নতুন ইলেকট্রিক গাড়ির আমদানিকারক সংশ্লিষ্ট গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নিকট হতে সরাসরি গাড়ি আমদানি করলে অথবা ঐ ব্র্যান্ডের গাড়ি প্রস্তুতকারকের মনোনীত/চুক্তিবদ্ধ ডিলার (Authorized Dealer) হিসেবে সরাসরি নতুন গাড়ি আমদানি করলে, শুল্কায়নকালে গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকারক বরাবর সরাসরি ইস্যুকৃত উক্ত ইনভয়েস (Manufacturer's Invoice) দাখিল করতে হবে; যা শুল্ক মূল্যায়ন বিধিমালার বিধি-৪ অনুযায়ী বিনিময় মূল্য (transaction value) হিসেবে যথাযথ পাওয়া গেলে তাঁর ভিত্তিতে শুল্কায়ন করতে হবে:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে এরূপ দাখিলকৃত Manufacturer's Invoice এ উল্লিখিত মূল্য, শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধি ৪ এ বর্ণিত বিনিময় মূল্য (Transaction Value) হিসেবে অর্থাৎ প্রকৃতপক্ষে পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্য হিসেবে শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক গ্রহণ করা না হলে তার কারণ সুনির্দিষ্ট তথ্য-উপাত্ত ও প্রমাণাদিসহ লিখিতভাবে উপস্থাপন পূর্বক ন্যূনতম জয়েন্ট কমিশনার অব কাস্টমস এর পদমর্যাদার নিম্নে নহেন এমন কোনো দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদন গ্রহণ করতে হবে;

(৩) নতুন ইলেকট্রিক গাড়ি আমদানির ক্ষেত্রে কোন আমদানিকারক প্রস্তুতকারক প্রতিষ্ঠান হতে সরাসরি আমদানি না করে তৃতীয় কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান হতে সরাসরি বা পরোক্ষভাবে আমদানি করলে উক্ত তৃতীয় ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইনভয়েসে প্রদর্শিত মুল্য, স্থানীয় বাজারে ঐ পণ্যের বিক্রয় মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ মর্মে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশী দূতাবাসের কমার্শিয়াল কাউন্সিলর অথবা সমপর্যায়ের কোন যথোপযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত হতে হবে এবং এইরূপ প্রত্যয়িত মূল্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুসরণপূর্বক শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে গ্রহণ করা যাবে।

(২) কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারী করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

**স্বাক্ষরিত/-**
মোঃ তারেক হাসান
প্রথম সচিব (কাস্টমস: নীতি ও আইসিটি)।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

৩। কমিশনার, কাস্টমস, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা/গাজীপুর/ময়মনসিংহ/বরিশাল/নারায়নগঞ্জ।

৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮ (সরকারি গেজেটে মুদ্রণের ব্যবস্থা গ্রহণের জন্য)।